

স্কুল ভবনের ছাদ ধসে পড়ায় ক্ষুব্ধ শিক্ষামন্ত্রী

০১ আগস্ট, ২০১৭

সিলেটের গোলাপগঞ্জ উপজেলার ভাদেশ্বরে অবস্থিত নাসির উদ্দিন উচ্চ বিদ্যালয় ও কলেজের নির্মাণাধীন ৪-তলা ভবনের উপরের ছাদ ধসে পড়ায় ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশিত খবর পাঠের পর শিক্ষামন্ত্রী তাৎক্ষণিকভাবে এ বিষয়ে তদন্ত ও ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিয়েছেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলীকে দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে লিখিত নির্দেশ দেন শিক্ষামন্ত্রী।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯